সমকাল

তারিখ 18 DEC 2016
পৃষ্ঠা ১৯ কলাম 2

# রাজধানীর সরকারি স্কুলে ভর্তিযুদ্ধ শুরু

■ সমকাল প্রতিবেদক

শুরু হয়েছে রাজধানীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে খুদে শিক্ষার্থীদের ভর্তিযুদ্ধ। গতকাল শনিবার থেকে শুরু হওয়া ভর্তি পরীক্ষার বিশাল এ আয়োজন চলবে সোমবার পর্যন্ত। অন্যদিকে প্রথম শ্রেণিতে ভর্তির লটারি অনুষ্ঠিত হবে ২৪ ডিসেম্বর। রাজধানীর ৩৮টি মাধ্যমিক স্কুলে এবার আবেদন পড়েছে ৭১ হাজার। এসব স্কুলে আসন রয়েছে ১০ হাজার ৫৯৫টি। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে এ তথ্য জানা গেছে।

রাজধানীর 'ক' গ্রুপের তালিকাভুক্ত ১৩টি স্কুলে দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণির ভর্তি পরীক্ষা গতকাল সকাল ১০টায় এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির ভর্তি পরীক্ষা দুপুর ২টায় অনুষ্ঠিত হয়েছে। 'খ' গ্রুপের ১৩টি স্কুলের দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণির ভর্তি পরীক্ষা আজ রোববার সকাল ১০টায় এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির ভর্তি পরীক্ষা দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। 'গ' গ্রুপের ১২টি স্কুলের দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণির ভর্তি পরীক্ষা আগামী সোমবার সকাল ১০টায় এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির ভর্তি পরীক্ষা দুপুর ২টায় অনুষ্ঠিত হবে।

## ভিকারুননিসার লটারি কাল থেকে

**'ক' গ্রুপের স্কুলগুলো হলো :** গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভ. গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, ধানমণ্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রূপনগর সরকারি উচ্চ বিদ্যালয়, আজিমপুর গভ. গার্লস স্কুল অ্যান্ড কলেজ, উত্তরখান সরকারি মাধ্যমিক বিদ্যালয়, কামরাঙ্গীরচরের শেখ জামাল সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

**'খ' গ্রুপের স্কুলগুলো হলো :** মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, গভ. মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ডেমরা হাজী এমএ গফুর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, বঙ্গমাতা শেখ ফজিলাতুননেসা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয়, জুরাইন শেখ কামাল সরকারি উচ্চ বিদ্যালয়, দারুস সালাম সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ধানমণ্ডি গভ. বয়েজ হাইস্কুল।

**'গ' গ্রুপের স্কুলগুলো হলো :** আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলী কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, ধানমণ্ডি গভ. বয়েজ হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হাজারীবাগ শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, ভাষানটেক সরকারি মাধ্যমিক বিদ্যালয়, মোহাম্মদপুর কমার্সিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়।

প্রথম শ্রেণিতে লটারি ছাড়াও জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে বাংলা ১৫, ইংরেজি ১৫ ও গণিতে ২০ নম্বর করে মোট ৫০ নম্বরের এক ঘণ্টার এবং অন্যান্য শ্রেণিতে বাংলা ৩০, ইংরেজি ৩০ ও গণিতে ৪০ নম্বর করে মোট ১০০ নম্বরের ২ ঘণ্টার ভর্তি পরীক্ষা নেওয়া হবে।

**ভিকারুননিসায় লটারি সোমবার থেকে** : ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের প্রথম শ্রেণিতে আগামীকাল সোমবার থেকে ২২ ডিসেম্বর পর্যন্ত ভর্তির লটারি অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণিতে ২০১৭ সালের ভর্তি কার্যক্রম পরিচালিত হবে ■ পৃষ্ঠা ৪ : কলাম ৫

## রাজধানীর

[১৯ পৃষ্ঠার পর]

বেইলি রোডের মূল শাখায়। বিভিন্ন শাখা অনুসারে ১৯ ডিসেম্বর ধানমণ্ডি প্রভাতী শাখার সকাল ৮টা থেকে ১১টা ও দিবায় সাড়ে ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এবং একই দিন আজিমপুর দিবা শাখার আড়াইটা থেকে বিকেল ৫টা পর্যন্ত লটারি প্রক্রিয়া চলবে। ২০ ডিসেম্বর বসুন্ধরা প্রভাতীর জন্য সকাল ৮টা থেকে ১১টা ও দিবা শাখায় বেলা সাড়ে ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত। ওই দিন দুপুর আড়াইটা থেকে বিকেল ৫টা পর্যন্ত আজিমপুর শাখা প্রভাতী শাখার লটারি কার্যক্রম চলবে। ২১ ডিসেম্বর ইংরেজি মাধ্যম প্রভাতী শাখার লটারি সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত ও মূল দিবা দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে। ২২ ডিসেম্বর শেষ দিন মূল প্রভাতী লটারি কার্যক্রম সকাল ৮টা থেকে দুপুর ১টা এবং ইংরেজি মাধ্যম দিবার লটারি দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

প্রাথমিকভাবে সাধারণ ও বিভিন্ন কোটায় বাছাইকৃত শিক্ষার্থীর একজন অভিভাবক নির্ধারিত তারিখে মূল প্রবেশপত্র নিয়ে (আবেদনকারী ছাড়া) লটারি আয়োজনের সময় উপস্থিত থাকতে পারবেন। বেইলি রোডের মূল শাখায় এ লটারি অনুষ্ঠিত হবে।